

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

www.bb.org.bd

এফই সার্কুলার পত্র নং-১২

০৮ শ্রাবন, ১৪২৫

তারিখ : _____

২৩ জুলাই, ২০১৮

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের

প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

বিভিন্ন দেশের সাথে সম্পাদিত "দ্বৈত করারোপন পরিহার চুক্তি" এর আওতায় কোন প্রতিষ্ঠান, সংস্থা বা ব্যক্তি কর্তৃক চুক্তি মোতাবেক হ্রাসকৃত হারে কর কর্তনপূর্বক বিদেশে অর্থ প্রেরণের ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড এর সনদ গ্রহণ প্রসঙ্গে।

জাতীয় রাজস্ব বোর্ডের ০৮.০১.০০০০.০৪৫.৯৪.১৭.২০১৪/৪৬৩(১-৬০) নং পত্র (কপি সংযুক্ত) এবং অর্থ আইন ২০১৮ (কপি সংযুক্ত) এর প্রতি আপনাদের মনোযোগ আকর্ষণ করা যাচ্ছে।

যে সকল দেশের সাথে বাংলাদেশের দ্বৈত করারোপন পরিহার চুক্তি বলবৎ রয়েছে, সে সকল দেশের প্রতিষ্ঠান, সংস্থা বা ব্যক্তি বাংলাদেশ হতে তাদের অর্জিত অর্থ নিজ দেশে প্রেরণকালে ব্যাংকসমূহের নিকট দ্বৈত করারোপন পরিহার চুক্তির সুবিধা দাবী করে উৎসে কর কর্তন ব্যতিরেকে/হ্রাসকৃত হারে উৎসে কর কর্তনপূর্বক বিদেশে অর্থ প্রেরণ করে থাকে। এরূপ অর্থ প্রেরণের পূর্বে উক্ত প্রতিষ্ঠান, সংস্থা বা ব্যক্তির ক্ষেত্রে দ্বৈত করারোপন পরিহার চুক্তির আওতায় কিরূপ কর কর্তন আইনসম্মত এ সম্পর্কিত জাতীয় রাজস্ব বোর্ডের সুনির্দিষ্ট অনুমোদন/সনদ গ্রহণের বিষয়ে অর্থ আইন ২০১৮ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ৫৬ -তে প্রয়োজনীয় সংশোধনী আনা হয়েছে।

এতদপ্রেক্ষিতে, বিদেশে উক্তরূপ অর্থ প্রেরণের পূর্বে জাতীয় রাজস্ব বোর্ডের ইন্টারন্যাশনাল ট্যাক্স উইং এর সনদ থাকার বিষয়টি নিশ্চিত করতে আপনাদের পরামর্শ দেয়া যাচ্ছে।

সংযুক্তিঃ বর্ণনানুযায়ী

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ আব্দুল মান্নান)

উপ মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০৩১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
/রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
[ইন্টারন্যাশনাল ট্যাক্স উইথ]

নথি নং-০৮.০১.০০০০.০৪৫.৯৪.১৭.২০১৪/৪৬৩ (২-৬০)

২১ আষাঢ় ১৪২৫ ব.
০৫ জুলাই ২০১৮ খ্রিঃ

গভর্নর
বাংলাদেশ ব্যাংক
ঢাকা।

বিষয় : বিভিন্ন দেশের সাথে সম্পাদিত “দ্বৈত করারোপণ পরিহার চুক্তি” এর আওতায় কোন প্রতিষ্ঠান, সংস্থা বা ব্যক্তি কর্তৃক চুক্তি মোতাবেক হ্রাসকৃত হারে কর কর্তন পূর্বক বিদেশে অর্থ প্রেরণের ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড এর সনদ গ্রহণ প্রসঙ্গে।

স্বাদিষ্ট হয়ে উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করছি।


বাংলাদেশের সাথে বর্তমানে বিশ্বের ৩৩টি দেশের দ্বৈত করারোপণ পরিহার চুক্তি বলবৎ রয়েছে। চুক্তির মাধ্যমে উভয় দেশ সমঝোতার ভিত্তিতে করের ক্ষেত্রে বিশেষ কিছু সুবিধা প্রদান করে থাকে।

যে সকল দেশের সাথে বাংলাদেশের দ্বৈত করারোপণ পরিহার চুক্তি বলবৎ রয়েছে, সে সকল দেশের প্রতিষ্ঠান, সংস্থা, বা ব্যক্তি বাংলাদেশ হতে তাদের অর্জিত অর্থ নিজ দেশে প্রেরণ কালে ব্যাংকসমূহের নিকট দ্বৈত করারোপণ পরিহার চুক্তির সুবিধা দাবী করে হ্রাসকৃত হারে উৎসে কর কর্তন পূর্বক বিদেশে অর্থ প্রেরণ করে। এরূপ অর্থ প্রেরণের ক্ষেত্রে হ্রাসকৃত হারে, কিংবা উৎস কর কর্তন ব্যতিরেকে বিদেশে অর্থ প্রেরণের পূর্বে উক্ত প্রতিষ্ঠান, সংস্থা বা ব্যক্তির ক্ষেত্রে দ্বৈত করারোপণ পরিহার চুক্তির আওতায় কিরূপ কর কর্তন আইনসম্মত এ সম্পর্কিত জাতীয় রাজস্ব বোর্ডের সুনির্দিষ্ট অনুমোদন গ্রহণের আবশ্যিকতা রয়েছে। উক্ত অনুমোদন গ্রহণ ব্যতিরেকে হ্রাসকৃত হারে, অথবা উৎসে কর কর্তন ব্যতিরেকে বিদেশে অর্থ প্রেরণের এখতিয়ার ব্যাংক সমূহের নেই। বলবৎ দ্বৈত করারোপণ পরিহার চুক্তির খুঁটিনাটি পর্যালোচনা পূর্বক এতদ্বিময়ক সুবিধা/অনুমোদন সংক্রান্ত মতামত প্রদানের আইনানুগ এখতিয়ার কেবল জাতীয় রাজস্ব বোর্ডের রয়েছে। এ বিষয়ে অর্থ আইন ২০১৮ এ আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ৫৬ সংশোধন করা হয়েছে, যার sub-section (2) এবং (2A) নিম্নরূপ :

“(2) Where in respect of any payment under this section, the Board on an application made in this behalf, is satisfied that due to tax treaty or any other reason the non-resident is not be liable to pay any tax in Bangladesh, or is liable to pay tax at a reduced rate in Bangladesh, the Board may issue a certificate to the effect that the payment referred to in sub-section (1) shall be made without any deduction or, in applicable cases, with a deduction at the reduced rate as mentioned in the certificate.

(2A) Tax deducted under this section shall be deemed to be the minimum tax liability of the payee in respect of the income for which the deduction is made, and shall not be subject of refund or set off or an adjustment against a demand.”

এমতাবস্থায়, জাতীয় রাজস্বের স্বার্থে ব্যাংক সমূহ কর্তৃক বিভিন্ন সংস্থা/ব্যক্তি বা বাংলাদেশে বিনিয়োগকারী প্রতিষ্ঠান কর্তৃক বিদেশে অর্থ প্রেরণের ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ডের ইন্টারন্যাশনাল ট্যাক্সেস উইং এর প্রত্যয়নপত্র ব্যতীত দ্বৈত করারোপণ পরিহার চুক্তির সুবিধা প্রদান না করার বিষয়টি কর্তৃক নজরদারী ও পরিবীক্ষণের আওতায় আনা একান্ত প্রয়োজন। ব্যাংক সমূহের তত্ত্বাবধানকারী সংস্থা হিসেবে অর্থ আইন ২০১৮ এ আনিত বিধান অনুযায়ী দ্বৈত কর পরিহার চুক্তির আওতায় কর সুবিধা গ্রহণ পূর্বক বিদেশে অর্থ প্রেরণের পূর্বে সকল ব্যাংক যাতে জাতীয় রাজস্ব বোর্ডের “ইন্টারন্যাশনাল ট্যাক্স” উইং, এর সনদ গ্রহণ করে সে বিষয়টি নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিনীত অনুরোধ জ্ঞাপন করা হল।


কামলিপদ হালদার
সদস্য (ইন্টারন্যাশনাল ট্যাক্স উইং)
জাতীয় রাজস্ব বোর্ড
ফোন : ৪৮০৩১৫৮৭৬

নথি নং-০৮.০১.০০০০.০৪৫.৯৪.১৭.২০১৪/

২১ আষাঢ় ১৪২৫ ব.
০৫ জুলাই ২০১৮ খ্রিঃ

অনুলিপি যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য

১। ব্যবস্থাপনা পরিচালক-----

কামলিপদ হালদার
সদস্য (ইন্টারন্যাশনাল ট্যাক্স উইং)
জাতীয় রাজস্ব বোর্ড
ফোন : ৪৮০৩১৫৮৭৬

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, জুন ৩০, ২০১৮

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১৬ আষাঢ়, ১৪২৫/ ৩০ জুন, ২০১৮

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ১৬ আষাঢ়, ১৪২৫ মোতাবেক ৩০ জুন, ২০১৮ তারিখে রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্ব সাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :-

২০১৮ সনের ২২ নং আইন

সরকারের আর্থিক প্রস্তাবাবলী কার্যকরকরণ এবং কতিপয় আইন সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু সরকারের আর্থিক প্রস্তাবাবলী কার্যকরকরণ এবং নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে কতিপয় আইন সংশোধন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

প্রথম অধ্যায়
প্রারম্ভিক

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।- (১) এই আইন অর্থ আইন, ২০১৮ নামে অভিহিত হইবে।

(২) এই আইনের দ্বিতীয় অধ্যায়, এবং চতুর্থ অধ্যায়ের ধারা ৫৪ অবিলম্বে কার্যকর হইবে।

(৩) এই আইনের তৃতীয় অধ্যায় এবং চতুর্থ অধ্যায়ের ধারা ৫৪ ব্যতীত অন্যান্য ধারাসমূহ, ২০১৮ সনের ১ জুলাই তারিখে কার্যকর হইবে।

(৭৮৩৭)

মূল্য : টাকা ৫৬.০০

- (খ) sub-section (2) এর পরিবর্তে নিম্নরূপ sub-sections (2) এবং (2A) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(2) Where, in respect of any payment under this section, the Board, on an application made in this behalf, is satisfied that due to tax treaty or any other reason the non-resident is not be liable to pay any tax in Bangladesh, or is liable to pay tax at a reduced rate in Bangladesh, the Board may issue a certificate to the effect that the payment referred to in sub-section (1) shall be made without any deduction or, in applicable cases, with a deduction at the reduced rate as mentioned in the certificate.

(2A) Tax deducted under this section shall be deemed to be the minimum tax liability of the payee in respect of the income for which the deduction is made, and shall not be subject of refund or set off or an adjustment against a demand.”।

২২। Ordinance No. XXXVI of 1984 এর section 58 এর সংশোধন।- উক্ত Ordinance এর section 58 এর sub-section (2) এর পর নিম্নরূপ নূতন sub-section (3) সন্নিবেশিত হইবে, যথা:-

- “(3) Every person who has deducted or collected any tax under this Chapter shall furnish a statement to such income tax authority and in such manner as may be prescribed.”।

২৩। Ordinance No. XXXVI of 1984 এর section 75 এর সংশোধন।- উক্ত Ordinance এর section 75 এর —

- (ক) sub-section (1) এর clause (e) এর আইটেম (ix) এর প্রাপ্তিস্থিত কোলন এর পরিবর্তে “ ; or” সেমিকোলন ও শব্দ প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন আইটেম (x) সন্নিবেশিত হইবে, যথা:-

“(x) participates in a ride sharing arrangement by providing motor vehicle.”;

- (খ) sub-section (2) এর-

(অ) “return of income” শব্দগুলির পর “under sub-section (1)” শব্দগুলি, সংখ্যা ও বন্ধনীগুলি সন্নিবেশিত হইবে;

(আ) clause (iii) এর পর নিম্নরূপ নূতন clause (iiia) ও (iiib) সন্নিবেশিত হইবে, যথা:-

“(iiia) a non-resident, not being a non-resident individual, having no permanent establishment in Bangladesh; or

(iiib) a non-resident individual having no fixed base in Bangladesh; or”।